116

দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 FEB 1997

পৃষ্ঠা ৩ কলাম ৫

# ষড়যন্ত্রের মাধ্যমে মাদ্রাসা শিক্ষাকে বিপর্যস্ত করে রাখা হয়েছে

## —ইসলামী সাংস্কৃতিক পরিষদ

গত ২৯ জানুয়ারী ইসলামী সাংস্কৃতিক পরিষদ জাতীয় নির্বাহী কমিটি এক জরুরী সভা ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলহাজ্জ মাওলানা হাবিবুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন জেনারেল সেক্রেটারী মাওলানা আ. ই. ম. নেছার উদ্দিন, জনাব শেখ নাজিম উদ্দিন, এডভোকেট আবদুল মোবিন, মাওলানা ইয়াকুব শরাফাত, ডাঃ ক্যাপ্টেন (অবঃ) আবদুল বাসেত, মাওলানা নজরুল ইসলাম প্রমুখ।

সভায় বক্তাগণ বলেন, অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, সদ্য গঠিত জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটিতে মাদ্রাসা শিক্ষার যথাযোগ্য প্রতিনিধি নেই। সরকার যদি আন্তরিক হন তাহলে অবিলম্বে দেশের দাখিল, আলিম, ফাজিল, কামিল মাদ্রাসাসমূহের প্রতিনিধি, প্রখ্যাত খতিবগণের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়সমূহের ইসলামী বিশেষজ্ঞ সমন্বয়ে আরো ১৫ জন সদস্য মাদ্রাসা শিক্ষাকে বৈষম্যের হাত থেকে বাঁচানোর জন্য অন্তর্ভুক্ত করা হোক। ১৯৫৪, ১৯৬৫ সাল, দেশ স্বাধীন হওয়ার পর নানা ষড়যন্ত্রের মাধ্যমে মাদ্রাসা শিক্ষাকে বিপর্যস্ত করে রাখা হয়েছে। এখনও ষড়যন্ত্র চলছে। পক্ষপাততুল্য আচরণ পরিহার করে বৈষম্যহীন ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সরকারের প্রতি আহবান জানানো হয়। মাদ্রাসা শিক্ষাকে ষড়যন্ত্রের হাত থেকে বাঁচাতে এগিয়ে আসার জন্য দেশের তৌহিদী জনতার প্রতি আহবান জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তি।